



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2022

গভর্নর ক্যাথি হোকল

শিশু যাত্রী নিরাপত্তা সপ্তাহ চলাকালীন বিনামূল্যে গাড়ির সিট চেক করা হবে বলে  
গভর্নর হোকলের ঘোষণা

*স্টেটজুড়ে বিভিন্ন জায়গায় বিনামূল্যে গাড়ির সিট ফিটিং এর ব্যবস্থা থাকবে*

*গাড়ির সিট চেক করা সঠিক ফিট এবং যথাযথ ইনস্টলেশন নিশ্চিত করে*

*অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে বছরব্যাপী বিনামূল্যে ফিটিং-এর অফার দেয়া হয়*

গভর্নর ক্যাথি হোকল ও [গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটি](#) আজ ঘোষণা করেছেন যে, শিশু যাত্রী নিরাপত্তা সপ্তাহ চলাকালীন, যা আজ শুরু হচ্ছে এবং 24 সেপ্টেম্বর, 2022 তারিখ, শনিবার জাতীয় পর্যায়ে সিট চেক করার মধ্য দিয়ে শেষ হবে, স্টেটজুড়ে সনদপ্রাপ্ত শিশু যাত্রী নিরাপত্তা টেকনিশিয়ানদের দ্বারা বিনামূল্যে শিশুদের গাড়ির সিট চেক করার ব্যবস্থা থাকবে। এটি বছরব্যাপী চলমান নিরাপত্তা উদ্যোগের অংশ যেখানে স্টেট ও স্থানীয় পর্যায়ের আইন প্রয়োগকারী সংস্থাগুলো বিভিন্ন কমিউনিটি নিরাপত্তা অংশীদারের সাথে একসঙ্গে বিনামূল্যে ফিটিং-এর ব্যবস্থা করে থাকে।

"শিশুদেরকে সড়কে নিরাপদ রাখাটা তাদের জন্য যথাযথ বুস্টার বা গাড়ির সিটের ব্যবস্থা রয়েছে তা নিশ্চিত করার মাধ্যমে শুরু হয়," বলেছেন **গভর্নর হোকল**। "নিউ ইয়র্ক সবসময় আমাদের শিশুদের নিরাপত্তার কথা প্রথমে বিবেচনা করে আসছে এবং ভবিষ্যতেও সবসময় সেটাই করবে, এবং আমাদের সড়কপথগুলোতে তাদের শিশুরা যাতে যথাযথভাবে সুরক্ষিত থাকে সে বিষয়টি নিশ্চিত করতে আমি বাবা-মা ও কেয়ারগিভারদেরকে বিনামূল্যের এই সুযোগটি কাজে লাগানোর জন্য উৎসাহিত করছি।"

[জাতীয় মহাসড়ক ট্রাফিক সুরক্ষা অ্যাডমিনিস্ট্রেশনের \(National Highway Traffic Safety Administration\)](#) তথ্য অনুযায়ী, 2020 সালে 755টি শিশু ট্রাফিক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেছে, এবং তাদের মধ্যে 42 শতাংশ শিশুর সিট বেল্ট বাঁধা ছিল না। একই বছর, গাড়ি, SUV, পিকআপ, ও ভ্যানে করে ভ্রমণ করার সময় ট্রাফিক দুর্ঘটনায় প্রতিদিন আনুমানিক 380 জন আহত হয়েছে।

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকেলের (Department of Motor Vehicles)** কমিশনার এবং **GTSC-এর সভাপতি, মার্ক জে. এফ. শ্রোয়েডার বলেন,** "গাড়ি

দুর্ঘটনা শিশুদের মৃত্যুর একটি প্রধান কারণ, কিন্তু সঠিকভাবে গাড়ির সিট, বুস্টার সিট বা সিট বেল্ট ব্যবহার করাই হলো রাস্তায় শিশুদের নিরাপদ রাখার সবচেয়ে কার্যকর উপায়। মা-বাবা ও কেয়ারগিভারদের নিরাপত্তা সংক্রান্ত তথ্য প্রদান এবং কিভাবে যথাযথভাবে শিশুদের নিরাপদ সিট ইনস্টল ও ব্যবহার করতে হবে সে সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা আমাদের সড়কগুলোতে শিশুদের জীবন রক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

NHTSA-এর তথ্যমতে, সঠিকভাবে ব্যবহার করা হলে, যাত্রীবাহী যানবাহনে গাড়ির সিট প্রাণঘাতী আঘাতের ঝুঁকি নবজাতকদের (এক বছরের কম বয়সী) ক্ষেত্রে 71 শতাংশ এবং অল্পবয়সী শিশুদের (এক থেকে চার বছর বয়সী) ক্ষেত্রে 54 শতাংশ কমিয়ে আনে। যদিও অধিকাংশ মা-বাবা মনে করেন যে তারা সঠিকভাবে তাদের শিশুদের গাড়ির সিট ইনস্টল করেছেন, কিন্তু 46 শতাংশ ঘটনায় সিটগুলো ভুলভাবে বসানো অবস্থায় পাওয়া গেছে।

কেয়ারগিভাররা কিভাবে শিশুদের জন্য এমনভাবে বসার ব্যবস্থা করতে হবে যা তাদের শিশুর জন্য ফিট হবে, তাদের যানবাহনের জন্য ফিট হবে এবং প্রত্যেকবার সঠিকভাবে ব্যবহার করা যাবে তা শেখানোর জন্য প্রশিক্ষণপ্রাপ্ত টেকনিশিয়ানরা "শিক্ষা, অনুশীলন, ও ব্যাখ্যা" মডেল ব্যবহার করবেন।

বাবা-মা এবং কেয়ারগিভাররা [শিশু যাত্রী নিরাপত্তা সপ্তাহ উপলক্ষ্যে তাদের অঞ্চলে বিনামূল্যে গাড়ির সিট চেক করার ইভেন্ট খুঁজে নিতে পারেন](#) অথবা [বছরজুড়ে গাড়ির সিট ফিট করার আঞ্চলিক কোনো সাইটে অ্যাপয়েন্টমেন্ট নিতে পারেন](#)।

গাড়ির সিট ফিটিং ছাড়াও, মা-বাবা ও কেয়ারগিভাররা পিছন দিকে মুখ করা এবং সামনের দিকে মুখ করা গাড়ির সিট ও বুস্টার সিট সঠিকভাবে ইনস্টল করা সম্পর্কে NHTSA-এর তৈরি করা [একটি ভিডিও সিরিজ](#) দেখতে পারেন। এছাড়াও NHTSA [গাড়ির সিট নিবন্ধন করা](#), শিশুর বয়স ও আকার অনুযায়ী সঠিক গাড়ির সিট খুঁজে নেয়া, এবং [সব গাড়ির সিটের রেটিং](#) সম্পর্কিত তথ্য প্রদান করে থাকে।

GTSC সম্পর্কে আরো তথ্যের জন্য, [trafficsafety.ny.gov](http://trafficsafety.ny.gov)-এ ভিজিট করুন, অথবা [ফেসবুকে \(Facebook\)](#) এবং [টুইটারে \(Twitter\)](#) GTSC-কে অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418